



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

১৩৭-১৩৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

Website: www.bscic.gov.bd, E-mail: info@bscic.gov.bd

নং-৩৬.০২.১১.০০.০২.০০১.২০১৫/২৩৩(৩০)

তারিখঃ ২৭ মাঘ, ১৪২১
০৯ ফেব্রুয়ারী, ২০১৫

অফিস আদেশ নং-৭২ /২০১৫।

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)-এর বিভাগীয় নিয়োগ ও পদোন্নতি কমিটি(ডিপিসি)-০২ এর ০৮-০২-২০১৫, তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ এবং বিসিক পরিচালনা পর্ষদের ০৯ ফেব্রুয়ারী ২০১৫ তারিখে অনুষ্ঠিত ৬৯৮ তম সভার অনুমোদনক্রমে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত “ নৈপুণ্য বিকাশ কেন্দ্র, গোপালগঞ্জ ” -শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের অস্থায়ীভাবে রাজস্বখাতে স্থানান্তরিত শূন্য পদে ১ম শ্রেণীর কর্মকর্তা পদে জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর ১৮৫০০-৮০০-৫ ১৪-২৯৭০০/- টাকা (গ্রেড ৬) স্কেল ও তৎসঙ্গে করপোরেশনের গ্রাহ্য অন্যান্য ভাতাদিসহ নিম্নলিখিত শর্তসাপেক্ষে বিশেষজ্ঞ (উপ-ব্যবস্থাপক পদমর্যাদার) পদে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে করপোরেশনের স্বার্থে নিয়োগ প্রদান করা হলো :

ক্রমিক নং	প্রার্থীর নাম, পিতার নাম ও স্থায়ী ঠিকানা	নিয়োগকৃত পদ	মন্তব্য
০১।	জনাব সরোয়ার হোসেন পিতা- আঃ রহিম সিকদার গ্রাম ও ডাকঘর-চন্দ্রপাড়া উপজেলা-সদরপুর, জেলা-ফরিদপুর।	বিশেষজ্ঞ (উপ-ব্যবস্থাপক পদমর্যাদার)	-

০২। শর্তাবলী :

(ক) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন-এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯ এর দ্বিতীয় অধ্যায়ের ৬(১) প্রবিধানমতে চাকুরীতে যোগদানের তারিখ হতে ৬(ছয়) মাসের জন্য সময়কাল শিক্ষাবিসকাল (সময়) হিসেবে বিবেচিত হবে। তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ যথাযথ কারণ লিপিবদ্ধ করে উক্ত মেয়াদ অনূর্ধ্ব ৬(ছয়) মাসের জন্য বৃদ্ধি করতে পারবেন। ৬(২) প্রবিধানমতে নিয়োগকৃত পদে চাকুরী স্থায়ী করা হবে না যদি না তিনি সন্তোষজনকভাবে শিক্ষাবিস মেয়াদ সমাপ্ত করতে পারেন।

(খ) ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন-এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯ এর অন্তর্ভুক্ত বিধানসমূহ এবং সময়ে সময়ে বিসিক কর্তৃপক্ষের জারীকৃত সকল নির্দেশসমূহ পরিপূর্ণভাবে মেনে চলতে হবে।

(গ) নিম্নবর্ণিত দলিলপত্রাদি যথাযথভাবে পূরণপূর্বক যোগদানপত্রের সাথে সংযুক্তকরণসহ ভোটার আইডি কার্ড/জাতীয়তার সনদপত্র/জন্ম নিবন্ধন পত্র দাখিল করতে হবে। অন্যথায় যোগদানপত্র গ্রহণযোগ্য হবে না :

(১) স্থায়ী বাসভূমির ঘোষণাপত্র, (২) গোপনীয়তা বজায় রাখার অঙ্গীকারপত্র, (৩) স্ব-স্ব জেলার সিভিল সার্জন এর নিকট হতে শারিরিক যোগ্যতার প্রত্যয়নপত্র। (৪) ৪(চার) খানা পাসপোর্ট আকারের সদ্যতোলা সত্যায়িত ছবি, (৫) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি ও (৬) প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সনদপত্র ও গেজেট নোটিফিকেশন এর সত্যায়িত কপি।

(ঘ) বেতন -ভাতাদি ও অন্যান্য সুবিধা সময়ে সময়ে জারীকৃত সরকারী সিদ্ধান্ত অনুসারে পরিবর্তন করা হবে।

(ঙ) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।

(চ) বাংলাদেশের যে কোন স্থানে কাজ করার/দায়িত্ব পালনে সক্ষম থাকতে হবে।

(ছ) নির্বাচিত সকল প্রার্থীকে নিয়োগকৃত পদে কমপক্ষে ১(এক) বৎসর চাকুরীর করার প্রতিশ্রুতি সম্বলিত ৩০০/-টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

(জ) যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৩। উপরোক্ত শর্ত প্রতিপালনে সক্ষম হলে আগামী ২৫-০২-২০১৫ তারিখের মধ্যে চেয়ারম্যান, বিসিক বরাবরে যোগদানপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে।


তাহসিনুর রহমান
সচিব।

বিতরণ : কার্যার্থে :

০১। সংশ্লিষ্ট কর্মকর্তা (০১)।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে :

- ০১। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল বা/এ, ঢাকা
(দৃষ্টি আকর্ষণ : যুগ্ম-সচিব (সস-বিসিক), শিল্প মন্ত্রণালয়)।
- ০২। মাননীয় শিল্পমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। পরিচালক (সকল), বিসিক, ঢাকা।
- ০৪। মহাব্যবস্থাপক (সকল), বিসিক, ঢাকা।
- ০৫। নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ), বিসিক, ঢাকা।
- ০৬। প্রধান প্রকৌশলী, পুরকৌশল বিভাগ, বিসিক, ঢাকা।
- ০৭। আঞ্চলিক পরিচালক (সকল), বিসিক,
- ০৮। অধ্যক্ষ, ক্রিটি, বিসিক, ঢাকা।
- ০৯। আইসিটি সেল প্রধান, বিসিক, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের জন্য)।
- ১০। প্রধান নিরীক্ষা কর্মকর্তা, নিরীক্ষা বিভাগ, বিসিক, ঢাকা।
- ১১। ব্যবস্থাপক, প্রশিক্ষণ শাখা, বিসিক, ঢাকা।
- ১২। উপ-সচিব (বোর্ড), বিসিক, ঢাকা।
- ১৩। উপ-নিয়ন্ত্রক (বিল/বাজেট/ফান্ড), হিসাব ও অর্থ বিভাগ, বিসিক, ঢাকা।
- ১৪। উপ-ব্যবস্থাপক, শৃংখলা শাখা, বিসিক, ঢাকা।
- ১৫। মেডিক্যাল অফিসার, বিসিক, ঢাকা।
- ১৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিক, ঢাকা।
- ১৭। সচিব এর ব্যক্তিগত সহকারী, বিসিক, ঢাকা।
- ১৮। অফিস আদেশ বহি।
- ১৯। ব্যক্তিগত নথি (০১)।